

# Visit of Prof. Dr. Mohammad Mahfud M.D., Coordinating Minister for Political, Legal and Security Affairs of Indonesia to India (November 29 - December 01, 2022)

November 29, 2022

---

ইন্দোনেশিয়ার রাজনৈতিক, আইনি এবং সুরক্ষা বিষয়ক সমন্বয়কারী মন্ত্রী  
অধ্যাপক ডঃ মহম্মদ মেহফুদ এম.ডি.-র ভারত সফর (নভেম্বর 29 - 01  
ডিসেম্বর, 2022)

নভেম্বর 29, 2022

জাতীয় সুরক্ষা উপদেষ্টা শ্রী অজিত কে. ডোভালের আমন্ত্রণে ইন্দোনেশিয়া প্রজাতন্ত্রের রাজনোইতিক। আইনি এবং সুরক্ষা বিষয়ক সমন্বয়কারী মন্ত্রী অধ্যাপক ডঃ মহম্মদ মেহফুদ 29শে নভেম্বর থেকে 01 ডিসেম্বর 2022 -এ ভারত সফর করবেন। জাতীয় সুরক্ষা উপদেষ্টা (এনএসএ) এর আগে 2022-এর মার্চ মাসে দ্বিতীয় ভারত ইন্দোনেশিয়া সুরক্ষা সংলাপে অংশগ্রহণ করতে ইন্দোনেশিয়া সফর করেছিলেন এবং মন্ত্রী মেহফুদকে ভারতে সফর করার জন্য আমন্ত্রণ জানিয়েছিলেন।

একদল প্রতিনিধি মন্ত্রী মেহফুদের সফর সঙ্গী হিসেবে রয়েছেন, যাদের মধ্যে রয়েছেন প্রথমসারির ইন্দোনেশিয়ান উলেমা, রাজনৈতিক, আইনি এবং সুরক্ষা বিষয়ক সমন্বয়ী মন্ত্রকের আধিকারিকরা এবং বিদেশী ধর্মীয় বিষয়ে নিযুক্ত ধর্মীয় বিষয়ক মন্ত্রকের আধিকারিকগণ। সফরকালে, ইন্দোনেশিয়ার উলেমা, ভারতের প্রথমসারির উলেমার যোগদান সহ ভারতের ইসলামিক সংস্কৃতি কেন্দ্র দ্বারা আয়োজিত “ ভারত ও ইন্দোনেশিয়ায় আন্তঃ ধর্মীয় শান্তি ও সামাজিক সম্প্রীতির সাংস্কৃতিক বিকাশে উলেমাদের ভূমিকা” শীর্ষক সেমিনারে অংশগ্রহণ করবেন। এনএসএ এবং মন্ত্রী মেহফুদ প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন। ইন্দোনেশিয়ার প্রতিনিধিদল ভারতের বিভিন্ন মতাবলম্বীদের নেতাদের সাথেও সাক্ষাৎ করবেন।

মন্ত্রী মেহফুদ এবং প্রথমসারির ইন্দোনেশিয়ান উলেমা প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করবেন। এনএসএ এবং ইএএম-র সাথে তিনি বৈঠকও করেছেন। ইন্দোনেশিয়ান দলটি আগামী 30শে নভেম্বর 2022 তারিখে আগ্রা পরিদর্শন করবেন।

নিউ দিল্লি

নভেম্বর 29, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.